৩০।৮।২০০৩

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

দিনাজপুর মেডিক্যাল কলেজ

# ৪০ জন কর্মচারীর ৭ মাস বেতন বন্ধ

দিনাজপুর সংবাদদাতা ॥ দিনাজপুর মেডিক্যাল কলেজ,হাসপাতালের ৪০ জন কর্মকর্তা-কর্মচারী দীর্ঘ ৭ মাস যাবত বেতন পাইতেছেন না। তাহারা 'উন্নয়ন খাতে'র কর্মচারী। কিন্তু উন্নয়ন খাতে বরাদ্দ না থাকায় তাহাদের এই সমস্যা। দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত উন্নয়ন খাতের ৪০ জন কর্মকর্তা-কর্মচারী চলতি বৎসর জানুয়ারী হইতে জুলাই পর্যন্ত এই সাত মাসের বেতন ভাতা পান নাই। এদিকে আগষ্ট মাসও শেষ হইতে চলিয়াছে। বকেয়া সাত মাসের বেতনের সঙ্গে আরো এক মাসের বেতন যোগ হইতে চলিয়াছে। অথচ হাসপাতালের তত্ত্বাবধায়ক তাহাদের বকেয়া বেতন প্রদানের ব্যাপারে কোন নিশ্চয়তা দিতে পারিতেছেন না। ফলে ৪০ জন কর্মকর্তা ও কর্মচারী স্ত্রী-পুত্র-কন্যা নিয়া মানবেতন জীবনযাপন করিতেছে। তাহাদের মধ্যে কয়েকজন হাসপাতালের দায়িত্ব পালনের পর রিকশা চালাইয়া পরিবারের সদস্যদের অন্নের সংস্থান করিতে বাধ্য হইতেছে। লোকলজ্জার কারণে তাহারা রাতে রিকশা চালাইতেছে বলিয়া প্রত্যক্ষদর্শীদের নিকট হইতে জানা গিয়াছে। উন্নয়ন খাতের এই কর্মকর্তা-কর্মচারী তাহাদের চাকুরী রাজস্ব খাতে আত্মীকরণের দাবীতে আন্দোলন করিতেছেন। তাহাদের চাকুরী রাজস্ব খাতে আত্মীকরণ করা হইলে তাহারা নিয়মিত বেতন পাইবেন।